

তারিখ: ২৯/০৮/২০১৯ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে আগ্রহী প্রার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

১। আবেদনের যোগ্যতা:

(ক) বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক গ্রুপ থেকে ২০১৬/২০১৭ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ এবং ২০১৮/২০১৯ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা গ্রুপ থেকে ২০১৬/২০১৭ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং ২০১৮/২০১৯ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

(গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র এইচএসসি (ভোকেশনাল/বিএম/ডিপ্লোমা-ইন-কমার্স) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(ঘ) প্রার্থীদের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ (গ্রেড পয়েন্ট ৩.০০ থাকতে হবে) থেকে ভর্তিযোগ্য বিষয় নির্ধারণ করা হবে। অধিভুক্ত বিষয়সমূহ: বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান ও গণিত।

(ঙ) ২০১৬/২০১৭ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৮/২০১৯ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(চ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত এসএসসি/এইচএসসি পাশের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে, তারাও অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(ছ) ২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন প্রার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল পূর্বক ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

২। আবেদনের সময়সূচী ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে:

(ক) অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ : ০১/০৯/২০১৯ হতে ১৫/০৯/২০১৯ খ্রি.

(খ) ফরমের প্রিন্টকপি কলেজে জমাদানের শেষ তারিখ : ১৬/০৯/২০১৯ খ্রি.

(গ) আবেদন ফরমের প্রিন্টকপি জমাদানের স্থান : পদার্থবিজ্ঞান বিভাগ (সকাল ১০:০০ - দুপুর ১:০০ টা পর্যন্ত)

(ঘ) প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুই শত পঞ্চাশ টাকা) কলেজে জমা দিতে হবে।

(ঙ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাশের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(চ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

৩। প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:

(ক) ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) প্রদর্শিত সকল তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি (মাপ 120x150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) Scan করে আপলোড করতে হবে।

(গ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit Application অপশন নির্বাচন করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি ডাউনলোড করে A-4 সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।

(ঘ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

(প্রফেসর মোঃ মঈন উদ্দিন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।

২। আস্থায়িক, ২০১৯-২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি।

৩। বিভাগীয় প্রধান, (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি।

৪। হিসাব শাখা, অত্র কলেজ, রাঙ্গামাটি।

৫। সংরক্ষণ নথি।